

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ৩ ০৪

তারিখ: ২৯ নভেম্বর ২০১৮

- বিষয় : ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের অক্টোবর ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।
- সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।
- স্থান : ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।
- তারিখ ও সময় : ১২ নভেম্বর ২০১৮, সময় : সকাল- ১০.০০ টা।
- উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃষ্টিকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.০	আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা।	(ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” অনুযায়ী বিগত অক্টোবর ২০১৮ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থাপিত তথ্যে প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পন্নকৃত কেইসের সংখ্যা কম হওয়ায় সভাপতি নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করার জন্য গুরুত্বারোপ করেন।	আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত নথিসমূহ দুই মাসের মধ্যে নিষ্পত্তি করতে হবে। কোন কারণে তার ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট পরিচালকের সাথে আলোচনাপূর্বক বিলম্বের কারণ ব্যাখ্যা করে নথিটি নিষ্পত্তি করতে হবে।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
২.০	ইআরপি সিস্টেম ব্যবহার নিশ্চিতকরণ।	(ক) বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ইআরপি সিস্টেমে এইচআরএম মডিউলে কর্মকর্তা/কর্মচারীদের এসিআর সংরক্ষণের নিমিত্ত ডাটাবেজ আপডেট করা হয়েছে। সকল কর্মকর্তা/কর্মচারীদের এসিআর ইআরপিতে সন্নিবেশ করার জন্য মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। (খ) বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী মৃতের পরিবারের অনুকূলে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে সরাসরি মৃতের পরিবারের একাউন্টে প্রেরণের নিমিত্ত ইআরপি সিস্টেম দ্রুত চালুর বিষয়ে সভায় আলোচনা হয়।	(ক) সকল কর্মকর্তা/কর্মচারীদের এসিআর ইআরপিতে সন্নিবেশ করতে হবে। (খ) আগামী ১ জানুয়ারি ২০১৯ তারিখ থেকে মঞ্জুরীকৃত অর্থ ইএফটি (EFT) এর মাধ্যমে সরাসরি মৃতের পরিবারের একাউন্টে প্রেরণ করতে হবে।	পরিচালক (সকল) ও সিস্টেম এ্যানালিস্ট পরিচালক (সকল) ও সিস্টেম এ্যানালিস্ট

